

অপসারণ আদেশ

যেহেতু, যথাযথ অনুসন্ধান, পরীক্ষা-নিরীক্ষা বা জরিপের ফলাফলের ভিত্তিতে নিম্নস্বাক্ষরকারীর নিকট ইহা পরিলক্ষিত হইয়াছে যে, আপনার প্রতিষ্ঠান বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর বিধান লংঘন করিয়া পানি সম্পদের উপর নিম্নবর্ণিত স্থাপনা নির্মাণ কার্যক্রম গ্রহণ করিয়াছেন, যাহার ফলে জলস্রোতের স্বাভাবিক প্রবাহে বাধার সৃষ্টিসহ জলস্রোতের গতিপথ পরিবর্তন হইয়াছে;

এবং যেহেতু, আপনার প্রতিষ্ঠানকে জাতীয় পানি সম্পদ পরিষদের নির্বাহী কমিটি (ECNWRC) হতে ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ কর্তৃক গত ০৬/০১/২০২৬ খ্রিস্টাব্দ তারিখে যুক্তিসঙ্গত শুনানির সুযোগ প্রদান করা হইয়াছে ও আপনার প্রতিষ্ঠানের উপস্থাপিত বক্তব্য বিবেচনা করা হইয়াছে এবং জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ কর্তৃক অবৈধ স্থাপনা অপসারণের নিমিত্ত “অপসারণ আদেশ” জারী করা প্রয়োজন মর্মে মতামত প্রদান করিয়াছেন;

এবং যেহেতু, উপর্যুক্ত বিষয়াদি বিবেচনাক্রমে ইহা প্রমাণিত হইয়াছে যে, আপনার প্রতিষ্ঠান বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর বিধান লংঘন করিয়া পানি সম্পদের উপর নিম্নবর্ণিত স্থাপনা নির্মাণ ও ভরাট কার্যক্রম গ্রহণ করিয়াছেন যাহার ফলে জলস্রোতের স্বাভাবিক প্রবাহে বাধার সৃষ্টিসহ জলস্রোতের গতিপথ পরিবর্তন হইয়াছে;

সেইহেতু, বাংলাদেশ পানি আইন, ২০১৩ এর ধারা ১৩ তে প্রদত্ত ক্ষমতাবলে, নিম্নরূপ অপসারণ আদেশ জারী করা হইল;

(ক) অবৈধ স্থাপনা নির্মাণকারী কর্তৃপক্ষের নাম ও ঠিকানাঃ শাহ সিমেন্ট ইন্ডাস্ট্রিজ লিমিটেড, পশ্চিম মুক্তারপুর, পঞ্চসার, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ;

(খ) অবৈধ স্থাপনার স্থানঃ জেলাঃ মুন্সীগঞ্জ; উপজেলাঃ মুন্সীগঞ্জ সদর; ইউনিয়নঃ পঞ্চসার, মৌজাঃ পূর্ব মুক্তারপুর;

(গ) অবৈধ স্থাপনা সম্পর্কিত বিবরণঃ


পূর্ব মুক্তারপুর মৌজার ০১ নং খাস খতিয়ানের ৩০১ নং দাগে নদী শ্রেণি হিসেবে ২১.৩৫ একর, ৩০২ নং দাগে সিকস্তি শ্রেণি হিসেবে ১.৭৭ একর, ৫৮৪ নং দাগে সিকস্তি শ্রেণি হিসেবে ০.৬০ একর, ৩০৩ নং দাগে সিকস্তি শ্রেণি হিসেবে ২.৭৭ একর, ৩০৪ নং দাগে সিকস্তি শ্রেণি হিসেবে ১.১৫ একর, ৩০৫ নং দাগে সিকস্তি শ্রেণি হিসেবে ২.৫২ একর, ৩০৬ নং দাগে সিকস্তি শ্রেণি হিসেবে ০.৭০ একর, ৩০৭ নং দাগে সিকস্তি শ্রেণি হিসেবে ৩.৫৮ একর এবং ৩০৮ নং দাগে সিকস্তি শ্রেণি হিসেবে ৩.২৭ একর মোট ৩৭.৭১ একর ভূমির মধ্যে ২০.৬৭ একর ভূমিতে (ক) তে বর্ণিত শাহ সিমেন্ট ইন্ডাস্ট্রিজ লিমিটেড অবৈধভাবে দখলে রয়েছে। উক্ত ভূমিতে অবৈধ স্থাপনার বিবরণ নিম্নরূপঃ

ক্রমিক নং	বিবরণ	স্থাপনার পরিমাণ
০১	০১ (এক) টি টিনসেড ঘর	০.৩০ একর
০২	০১ (এক) টি লেবার শেড	১.০০ একর
০৩	পাথর ও মাটি স্তুপ করিয়া রাখা	১৯.৩৭ একর

ঘ) অপসারণের সময়সীমাঃ অপসারণ আদেশ জারীর তারিখ হতে ১৫ (পনেরো) দিন;

(ঙ) নির্বাহী কমিটি বা ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক নির্ধারিত অন্য কোনো প্রয়োজনীয় বিষয় বা তথ্যঃ শাহ সিমেন্ট ইন্ডাস্ট্রিজ লিমিটেড কর্তৃপক্ষ নির্ধারিত সময়ের মধ্যে অপসারণে ব্যর্থ হইলে আইনগত ক্ষমতাপ্রাপ্ত প্রশাসনিক প্রতিষ্ঠান অপসারণের উদ্যোগ গ্রহণ করিবে;

(চ) শাহ সিমেন্ট ইন্ডাস্ট্রিজ লিমিটেড কর্তৃপক্ষ সমুদয় অপসারণ ব্যয় নির্বাহ করিবে।


(মোহাম্মদ লুৎফুর রহমান)
মহাপরিচালক
পানি সম্পদ পরিকল্পনা সংস্থা

ব্যবস্থাপনা পরিচালক,
শাহ সিমেন্ট ইন্ডাস্ট্রিজ লিমিটেড
পশ্চিম মুক্তারপুর, পঞ্চসার, মুন্সীগঞ্জ সদর, মুন্সীগঞ্জ।